খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-2 ● Issue-2 ● Bardhaman ● 30 June, 2024 ● Rs. 2.00 ( Four Pages ) ● Publisher - Israil Mallick

## এক নজরে

### বিশেষ ঘোষণা

খবর সোজাসুজি'র উদ্যোগে ২৫ জুন থেকে আবারও শুরু হয়েছে অনলাইন সেলফি প্রতিযোগিতা, চলবে ১০ জুলাই পর্যন্ত। আপনার মোবাইলে সেলফি তুলে নাম ঠিকানা সহ পাঠিয়ে দিন আমাদের হোয়াটস অ্যাপ নম্বরে ৯৪৩৪৫৬৬৪৯৮, সেরা ছবি প্রকাশ করব আমরা। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী ব্যক্তিদের নাম, ঠিকানা সহ ছবি আমাদের খবর সোজাসুজি পত্রিকার ১৫ জুলাই,২০২৪ সংখ্যায় প্রকাশ করব আমরা।

● ''পরিষেবা নেই, শুধু টাকা খাওয়া। আমি টাকা তোলার মাস্টার চাইছি না,জনসেবক চাইছি'', বিস্ফোরক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● ''কারো কারো অভ্যাস হয়ে গেছে আইসি হলে যতটা পারি ইনকাম করে নিই,এসডিও হলে একটা সঞ্চয় করে নিই,ডিএম যে কদিন থাকবো সঞ্চয় করে নিই.... এগুলো অনেক হয়েছে আর করবেন না প্লিজ। এবার কিন্তু বড্ড চোখে লাগছে'', সরকারি সম্পত্তির বেআইনি দখলদারি নিয়ে নবান্ন সভাঘরে সোমবার পুর বৈঠকে পুলিশ প্রশাসনকে কার্যত তুলোধুনা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● আগামী বছর মাধ্যমিক শুরু হচ্ছে ১০ ফেব্রুয়ারি,আর শেষ হবে ২২ ফেব্রুয়ারি।১০ ফেব্রুয়ারি প্রথম ভাষা,১১ ফেব্রুয়ারি দ্বিতীয় ভাষা,১৫ ফেব্রুয়ারি অঙ্ক,১৭ ফেব্রুয়ারি ইতিহাস,১৮ ফেব্রুয়ারি ভুগোল,১৯ ফেব্রুয়ারি জীবন বিজ্ঞান,২০ ফেব্রুয়ারি ভৌত বিজ্ঞান এবং ২২ ফেব্রুয়ারি হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা।

পরীক্ষা শুরু সকাল ১০টা ৪৫ মিনিটে, শেষ হবে বেলা ২টোয়। প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য দেওয়া হবে বলে পর্ষদের পক্ষ থেকে জানানো হয়েছে।

● স্কুলের পানীয় জলের ট্যাঙ্কে মদ ! ট্যাঙ্ক থেকে উদ্ধার মদের বোতল।আরামবাগের একটি প্রাথমিক স্কুলের ঘটনা।রাতের অন্ধকারে কারা বসাচ্ছে মদের আসর স্কুল চত্বরে ? উঠছে প্রশ্ন।

● পঁয়ত্রিশ বছর পর সিপিএমের হাতছাড়া হল সিঙ্গুর গোবিন্দপুর সমবায় সমিতি।গোবিন্দপুর সমবায় সমিতির জন্ম থেকেই সিপিএমের দখলে ছিল এই সমবায় সমিতি। ৩৫ বছর পর

(এরপর চারের পাতায়)

# কাজ না করলে ছুঁড়ে ফেলে দেবার হুঁশিয়ারি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় !

নিজস্ব সংবাদদাতা - পুর পরিষেবা নিয়ে বিস্ফোরক রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার নবান্ন সভাঘরে প্রশাসনিক বৈঠকে পুর পরিষেবা নিয়ে একরাশ বিরক্তি ও ক্ষোভ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।নাগরিক পরিষেবা নিয়ে মন্ত্রী,পুলিশ, আমলাদের কাঠগড়ায় তুলে কার্যত তুলোধোনা করেন মুখ্যমন্ত্রী।রাজ্যের সব পুরসভার মেয়র, চেয়ারম্যান,পুরমন্ত্রী এবং উচ্চ পদস্থ আমলাদের নিয়ে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী ক্ষোভ প্রকাশ করে বলেন, ''মানুষ পরিষেবা না পেলে সেই পুরসভা বা পঞ্চায়েত রাখার মানেটা কি? আমি কোনো



ইন্ডিভিজুয়ালকে পোষার দায়িত্ব নিই নি। আমার দায়বদ্ধতা মানুষের প্রতি।'' মুখ্যমন্ত্রী আরও বলেন,''টাকা তোলার মাস্টার চাই না। জনসেবক চাই।'' কাজ না করলে ছুঁড়ে ফেলে দেবারও হুঁশিয়ারি দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সরকারি সম্পত্তির বেআইনি দখলদারি নিয়েও সরব মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ''আপনারা টাকা খাচ্ছেন।ফুটপাত, সরকারি জমি দখল হয়ে যাচ্ছে। আপনাদের টাকা খাওয়ায় বাংলার অস্তিত্ব আজ সঙ্কটে।আইসি,ওসি,ডিএম, এসডিও, বিধায়ক, মন্ত্রী ....কাকে ভরসা করবো ? কারো কারো অভ্যাস হয়ে গেছে আইসি হলে যতটা পারি ইনকাম করে নিই, এসডিও হলে একটা সঞ্চয় করে নিই,ডিএম যে কদিন থাকবো সঞ্চয় করে নিই.... এগুলো অনেক হয়েছে আর করবেন না প্লিজ। এবার কিন্তু বড্ড চোখে লাগছে।'' মুখ্যমন্ত্রী আরও বলেন,''সরু সুতোর মতো পিলারের ওপর বাড়ি দাঁড়িয়ে যাচ্ছে। পুলিশ কি চোখে ঠুলি পরে আছে? কিছুই নজরে আসে না। কেউ টাকা দিচ্ছে কেউ টাকা নিচ্ছে। সরকারি অফিসিয়াল, পুলিশ সকলে মিলে গ্রুপ তৈরি করে টাকা খাচ্ছে। খালি সরকারি জমি পেলেই বেচে দিচ্ছে।লোভ বেড়ে যাচ্ছে। সরকারি সম্পত্তি কারো ব্যক্তিগত নয়।'' ট্যাক্স বাড়ানো ছাড়া,বিল্ডিং তৈরি করা ছাড়া আর লোক বসানো ছাড়া পুরসভাগুলো কোনো কাজ করছে না বলেও মন্তব্য করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## মোবাইল ফ্রি কমফোর্ট জোনের লক্ষ্যে গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশনে অনুষ্ঠিত হল বইমেলা !

নিজস্ব প্রতিবেদন - গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশন এবং গুড়াপ সুরেন্দ্র স্মৃতি পাঠাগারের যৌথ উদ্যোগে



গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশন প্রাঙ্গনে মহাসমারোহে ১৯ জুন থেকে ২২ জুন পর্যন্ত চারদিন ব্যাপী অনুষ্ঠিত হল বইমেলা।বুধবার ১৯ জুন বেলা সাড়ে বারোটা নাগাদ ঘন্টা বাজিয়ে অভিনব ভাবে গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশন প্রাঙ্গনে বইমেলার শুভ উদ্বোধন করলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডঃ সুরঞ্জন মিদ্দে।উপস্থিত ছিলেন গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশনের প্রধান শিক্ষক মহীতোষ চন্দ,গুড়াপ সার্কেলের স্কুল পরিদর্শক গৌরব মিশ্র,বিশিষ্ট গল্পকার আব্দুল মান্নান, সুরেন্দ্র স্মৃতি পাঠাগারের সম্পাদক সোমনাথ মিত্র সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

## ভয়ানক অগ্নিকাণ্ডে ভস্মীভূত সিঙ্গুরে পিএইচইর অফিস

নিজস্ব সংবাদদাতা - মঙ্গলবার ভয়ানক অগ্নিকাণ্ড চন্দননগর অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার



পিএইচইর সিঙ্গুর অফিসের গোডাউনে। পুড়ে ছাই অফিস সহ ল্যাবরেটারি। পাঁচজন কর্মচারী আহত হয়েছেন বলে জানা গেছে। একজনকে গুরুতর আহত অবস্থায় এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছান সিঙ্গুরের বিধায়ক তথা রাজ্যের কৃষিজ বিপণন ও পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী বেচারাম মান্না এবং হরিপালের বিধায়ক ডাঃ করবী মান্না।

## বর্ধমান,খন্ডঘোষ এবং গলসি থানার যৌথ অভিযানে গলসির জুজুটি থেকে গ্রেপ্তার ১২ জন বেআইনি বালি খননকারী,বাজেয়াপ্ত ৬টি ট্রাক্টর ও ৩টি ট্রলি

নিজস্ব প্রতিবেদন - শেষ রক্ষা হল না।পুলিশের জালে ধরা পড়লো বেআইনি বালি খননকারীর দল। বৃহস্পতিবার ভোর রাতে পূর্ব বর্ধমান জেলা পুলিশের বর্ধমান,খন্ডঘোষ এবং গলসি থানার যৌথ অভিযানে গলসির জুজুটির দামোদর জল প্রকল্পের কাছ থেকে ১২ জন বেআইনি বালি খননকারীকে গ্রেপ্তার করল পুলিশ, বাজেয়াপ্ত করা হয়েছে ছটি ট্রাক্টর সহ তিনটি ট্রলি। এর পূর্বে বেশ কয়েকবার



বালি পাচারকারীরা নৌকা করে নদীর ওপর দিয়ে পালাতে সক্ষম হলেও শেষ রক্ষা হলো না এবার। পুলিশের পাতা

(এরপর দুয়ের পাতায়)

## মোবাইল রিচার্জের খরচ বাড়ছে !

নিজস্ব প্রতিবেদন - আবারও দাম বাড়তে চলেছে জিও রিচার্জের।আগামী ৩ জুলাই থেকে জিও রিচার্জে ২৫ শতাংশ বৃদ্ধি পাচ্ছে। আরও ব্যয়বহুল হচ্ছে জিও'র প্রিপেইড এবং পোস্টপেইড প্ল্যান।১৫৫ টাকা (২৮ দিন ,২ জিবি) মাসিক প্ল্যান হচ্ছে ১৮৯ টাকা, যেখানে ২৩৯ টাকার মাসিক প্ল্যান(২৮ দিন,১.৫

(এরপর দুয়ের পাতায়)

KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# খবর সোজাসুজি

Volume-2 ● Issue-2 ● 30 June, 2024

## বৃক্ষরোপণ

প্রকৃতি ক্রমশ উত্তপ্ত হচ্ছে। দিন দিন বেড়েই চলেছে তাপমাত্রা,কমার কোনো লক্ষণ নেই। হাঁসফাঁস গরমে প্রাণ ওষ্ঠাগত।তীব্র দাবদাহে মাটি ফেটে ফুটিফাটা।দেখা নেই বৃষ্টির।প্রকৃতির রোষানলে সব কিছু পুড়ে ছাড়খার। প্রকৃতির খামখেয়ালিপনাও দিন দিন বাড়ছে। আর এর জন্য মূলত দায়ী আমরাই।এর মূল কারণ যথেচ্ছভাবে বৃক্ষনিধন।ঘরবাড়ি নির্মাণ, রাস্তাঘাট,নগরায়ন সব কিছুই দরকার আছে।কিন্তু তার জন্য অনিয়ন্ত্রিত ভাবে গাছ কাটলে চলবে না। বর্তমান বিজ্ঞানের যুগে গাছ না কেটে গাছকে স্থানান্তর করা যায় কিনা সেদিকটাও ভেবে দেখা দরকার।আর গাছ যদি কাটার খুবই প্রয়োজন হয় তাহলে একটা গাছ কাটলে অবশ্যই দুটো গাছ আমাদের বসাতে হবে। কিন্তু না, আমরা তার ধারে কাছে যাচ্ছি না।গাছ না বসিয়েই যথেচ্ছভাবে গাছ কেটে চলেছি। ফলে যা হবার তাই হচ্ছে।প্রকৃতিও আমাদের সঙ্গে প্রতিশোধ নিতে শুরু করেছে।বর্ষা কালেও বৃষ্টির দেখা নেই।আর গরম যত বাড়ছে আমরা তত অনুভব করছি গাছের প্রয়োজনীয়তা। কিন্তু বাজার থেকে গাছের পরিবর্তে কিনে আনছি এসি।নিজেদের সঙ্গে নিজেরাই প্রতারণা করছি।বুঝতে পারছি না আমরা নিজেদের ক্ষতি নিজেরাই করছি। আগামী প্রজন্মকে সুরক্ষিত রাখতে গেলে, প্রকৃতির রোষানল থেকে বাঁচতে হলে গাছের বিকল্প কিছু নেই। তাই আসুন এই বর্ষার মরসুমে বাড়ির আশেপাশে দু'একটা করে গাছ লাগাই। অক্সিজেনের ভান্ডার গড়ে তুলি।নিজে বাঁচি,অপরকে বাঁচতে দিই। নির্বিচারে গাছ না কেটে নির্বিচারে গাছ লাগানোর মন্ত্রে দীক্ষিত হই। অসুস্থ পৃথিবীকে সুস্থ করার লক্ষ্যে বৃক্ষরোপণকে ব্রত হিসেবে গ্রহণ করি।সবুজ প্রকৃতি দিয়ে ভবিষ্যত প্রজন্মকে সুরক্ষিত করি।

(প্রথম পাতার পর)

## বর্ধমান,খন্ডঘোষ এবং গলসি

ফাঁদে ধরা পড়লো বেআইনি বালি খননকারীর দল। গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার ভোর রাতে বর্ধমান থানা,খন্ডঘোষ আর গলসি থানার যৌথ বাহিনী ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকদের সঙ্গে নিয়ে জুজুটির দামোদর নদীর ঘাটে একটি বিশেষ অভিযান চালায়। পুলিশের জালে ধরা পড়ে অবৈধ এবং বেআইনি বালি খননে যুক্ত ১২ জন। বাজেয়াপ্ত করা হয় ছটি ট্রাক্টর সহ তিনটি ট্রলি । বর্ধমান থানা এবং গলসি থানা দু'জায়গাতেই অভিযুক্তদের বিরুদ্ধে দুটি কেস শুরু করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এছাড়াও বৃহস্পতিবার রাতে পালিতপুরের কাছে অভিযান চালিয়ে বর্ধমান থানা তিনটি,গলসি থানা দুটি এবং দেওয়ান দিঘি থানা তিনটি ওভারলোডিং বালি বোঝাই ট্রাক আটক করেছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

## স্বপ্ন দেবে নদী

### বিজন দাস

ঢেউ ফুল ফুল ঢেউ তুলতুল
নদী কুল কুল চলে,
দূরে কথা বলে নদী
দূরে কথা বলে।

দূরের কথায় সুরের কথায়
কোন সে অচিন পুরের কথায়
ছলাৎ ছলাৎ বয়,
আলোর কথা কয় সে নদী
আলোর কথা কয়।
ধানের শীষে দুলছে নদী
ফুলছে নদী প্রাণে,
ভুলছি তবু নদীর কথা
ভুলছি নদীর মানে।

কখন নদী মা মনে হয়
কখন সে রাক্ষুসী,
দু'রূপেতেই নদী যদি
বুকের ভিতর পুষি,
তখন নদী প্রাণে নদী
গানের নদী দানের নদী
স্বপ্ন দরদী-
নদীর বুকে স্বপ্ন দিলে
স্বপ্ন দেবে নদী।

## মোবাইল রিচার্জের

(প্রথম পাতার পর)

জিবি) এবার থেকে হচ্ছে ২৯৯ টাকা, ৬৬৬ টাকা (১.৫ জিবি)-এর ৮৪ দিনের প্ল্যানের জন্য এবার গুনতে হবে ৭৯৯ টাকা। আগামী ৩ জুলাই থেকে কার্যকর হবে বলে জিও'র নতুন প্ল্যান।পরিষেবা তো তলানিতে,নেটের স্পিড নেই বললেই চলে।এদিকে কিন্তু দিন দিন দাম বাড়িয়েই চলেছে জিও।শুধু জিও নয়, রিচার্জের খরচ বাড়ছে এয়ারটেল এবং ভোডাফোনেও।এয়ারটেল রিচার্জে ২০ শতাংশ বৃদ্ধি পাচ্ছে,আর ভোডাফোন রিচার্জে ২৪ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে দাম।সিম কোম্পানি গুলোর রিচার্জ প্ল্যান এখন আবার ৩০ দিনের পরিবর্তে ২৮ দিনে মাস,ভাবা যায় ! জনগণকে এভাবে আর কত লুট করবে, উঠছে প্রশ্ন। ট্রাই কি শীত ঘুমে মগ্ন ? ট্রাই কাদের স্বার্থ দেখার জন্য আছে,জনগণের না সিম কোম্পানি গুলোর ? এই প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে সাধারণ মানুষের মধ্যে।

## মেকি মেধায় শিক্ষা

পার্থ পাল

সনৎবাবুর মেয়েটা নাকি মোবাইল মুখে পড়ে থাকে ! মোড় মাথার চা দোকানের আড্ডায় এটি একটি হট্ টপিক। ছিল। এখন নিন্দার ভাবটা প্রশংসার দিকে ঘুরে গেছে। সাফল্য শেষ কথা বলে যে। সনৎ দত্তের মেয়ে স্নেহা মেধাবী। উচ্চমাধ্যমিকে ভালো রেজাল্ট। কিন্তু ইঞ্জিনিয়ারিং জয়েন্টে সুযোগ পায়নি। তাই ভর্তি হয়েছিল একটি অনলাইন কোর্সে। 'পাথফাইন্ডার', 'আকাশ', 'ফিজিক্সওয়ালা', 'অ্যালেন'-এর মত নামকরা কোনও একটি সংস্থায় জয়েন্টের কোচিং নিল সে। দিনরাত ঘরে বসে পড়া। আর তাতেই এলো সাফল্য। থেমে গেল গতানুগতিক মানুষদের সমালোচনা।

সংস্থাগুলি কিভাবে পড়ায়? ওনাদের বেশ কয়েকটি স্টুডিও আছে। আছেন দক্ষ শিক্ষক ও পেশাদার টেকনিশিয়ানরা। নির্দিষ্ট রুটিন ও সময় মেনে শিক্ষকরা আধুনিক পদ্ধতিতে পাঠদান করেন। সেই ভিডিও মুহূর্তে ও সরাসরি পৌঁছে যায় ছাত্র-ছাত্রীদের ফোন বা কম্পিউটারে। পাঠ শেষে পড়ুয়াদের জিজ্ঞাসা থাকলে শিক্ষকরা তারও উত্তর দেন যত্ন সহকারে। কয়েকদিনের ব্যবধানে মক্ টেস্ট নেয় সংস্থাগুলি। তাতে পড়ুয়ারা যাচাই করে নেয় নিজেদের দক্ষতা বা দুর্বলতা। এই সমগ্র প্রক্রিয়ায় যাতায়াতের সময়, খরচ ও শ্রম বেঁচে যায়। জয় হয় কৃত্রিম মেধা বা Artificial intelligence বা AI এর।

১৯৫৬ সালে আমেরিকার এক বিজ্ঞানী জন ম্যাকার্থি সর্বপ্রথম কৃত্রিম মেধার প্রসঙ্গ উল্লেখ করেন। যা বর্তমানে বিপুল জনপ্রিয়তার মধ্যমণি হলেও আমজনতার কাছে ধোঁয়াশা-মোড়া। তাঁরা ভাবেন মেধা আবার মেকি হয় নাকি! অবশ্যই হয়। দেখে থাকবেন বিদেশের মঞ্চ আমাদের সম্মাননীয় প্রধানমন্ত্রী হিন্দি ভাষায় বক্তব্য রাখেন। অথচ শ্রোতার আসনে বসে থাকা ভিনদেশি বিশিষ্ট রাষ্ট্রনেতারা তা দিব্যি বুঝে যান। কিভাবে তা সম্ভব হয়? আগে ভিনভাষী কেউ বক্তব্য রাখলে পাশে দোভাষী বা অনুবাদক থাকতেন। যিনি বক্তার বক্তব্য শ্রোতাদের জানা ভাষায় অনুবাদ করে দিতেন। বর্তমানে সেই দোভাষীর জায়গা নিয়েছে কৃত্রিম মেধা। লক্ষ্য করবেন, উপরোক্ত সভায় শ্রোতারা হেডফোন ব্যবহার করছেন। সেখানে দেওয়া নির্দেশ মেনে ভাষা পরিবর্তিত হয়ে পৌঁছাচ্ছে শ্রোতার কানে। যেমন,




আমাদের প্রধানমন্ত্রীর বলা রাষ্ট্রভাষায় ভাষণ চিনা ভাষায় শুনতে পাচ্ছেন চিন দেশের রাষ্ট্রপতি!

ঠিক একই প্রযুক্তি ব্যবহার করে কোচিং সণ্ধ্যারের ইংরেজিতে বলা ক্লাস বাংলা বা তামিল ভাষায় শুনে নিতে পারে পড়ুয়ারা। এতে সংস্থার যেমন এক শিক্ষকেই কাজ মিটলো ; পড়ুয়াদের মন থেকেও কেটে গেল ভাষাগত সমস্যা। প্রথাগত স্কুল কলেজে এখন 'চক অণ্ধ্যান্ড টক' পদ্ধতিতে পড়ানো হয়। যা আধুনিক প্রজন্মের মনোযোগ টানতে অনেকাংশে ব্যর্থ। ঙজ্জ প্রযুক্তিতে অণ্ধ্যানিমেশন পদ্ধতির ভিডিও পড়ুয়াদের গ্রহণযোগ্য হচ্ছে বেশি। পরমাণুর গঠন বই পড়ে বা ছবি দেখে যতটা না বোঝা যায়, অ্যানিমেশন চলচ্চিত্রে তা পরিষ্কার হয়ে যায় অনেক বেশি। অন্যান্য বিষয়ের ক্ষেত্রে একই কথা খাটে।

অনেক আগে লিপিকর নামে একটি পদ ছিল। যাঁরা একটি লেখা দেখে দেখে অন্য পাতায় তা নকল করতেন। পরে সে পদ অবলুপ্ত হয়ে এলেন টাইপিস্টরা। সময়ের সাথে তাঁরাও গেলেন। এলেন ডাটাএন্ট্রি অপারেটর ও কম্পিউটার টাইপিস্টরা। বর্তমানে এই পদ অবলুপ্ত প্রায় এসে গেছে 'স্পিচ টু টেক্সট' অ্যাপ। মোবাইল বা কম্পিউটারের সামনে কথা বললেই তা টাইপ হয়ে যাচ্ছে অনায়াসে এবং অনেকটা নির্ভুলভাবে। শুধু তাই নয়, যেকোনো ভাষায় তা ট্রান্সলেশনও হয়ে যাচ্ছে মুহূর্তে!

এমন কত সুবিধা বর্তমান শিক্ষা ব্যবস্থাতে এনেছে বিপ্লব। তথ্য এখন ছাত্রছাত্রীদের হাতের মুঠোয়। তাই পরীক্ষায় বোধমূলক প্রশ্নের রমরমা। এখন উত্তরদাতার থেকে প্রশ্নকর্তার সমস্যা বেশি। গুরুত্বপূর্ণ পরীক্ষাগুলিতে গেটপাস একটি দীর্ঘ প্রক্রিয়া। বহু কিছু যাচাই করে তবেই ছাড়পত্র পাওয়া যাচ্ছে পরীক্ষা হলে প্রবেশের। কারণ, পরীক্ষার্থীর হাতে স্মার্টফোন বা ঘড়িটি থাকলে প্রশ্নপত্রের কোনো উত্তরই আর অজানা থাকবে না! AI এর ম্যাজিক বলে কথা।

তাই সর্বভারতীয় সিবিএসসি-র ষষ্ঠ থেকে দশম শ্রেণীর সিলেবাসে ঙজ্জ কে অন্তর্ভুক্ত করা হয়েছে। শুধু তাই নয়, মুম্বাইয়ের কাছে কার্জাত-এ সূচনা হয়েছে প্রথম AI বিশ্ববিদ্যালয়ের। 'স্বয়ং' বা ' স্বয়ং প্লাস' এর মতো অনলাইন সংস্থায় বহু মানুষ পড়ে নিচ্ছেন নিজেদের পছন্দসই কোর্স। এবং পাচ্ছেন সরকার স্বীকৃত সার্টিফিকেট।
এ স্রোতে গা না ভাসালে ক্ষতি যে আমাদেরই।

## প্রেমের টানে ব্রাজিল থেকে নবদ্বীপে হাজির প্রেমিকা !

নিজস্ব সংবাদদাতা - প্রেমের টানে সাত সমুদ্র পারি দেবার কথা তো অনেকেই শুনে থাকি। কিন্তু স্ব-চক্ষে তার সাক্ষী কি কেও থেকেছে? কিন্তু আজ আমরা আপনাদের শোনাবো এমনই এক প্রেমের কথা,আর যে প্রেমের টানে প্রায় পনেরো হাজার কিলোমিটার পথ পারি দিয়ে সুদুর ব্রাজিল থেকে নবদ্বীপে প্রেমিকের বাড়িতে এসে হাজির ব্রাজিলের প্রেমিকা!!

কি ভাবছেন এও আবার হয় নাকি? হ্যাঁ,এমনটাই ঘটেছে নদীয়ার নবদ্বীপ ব্লকের ফরেস্ট ডাঙ্গা এলাকার মন্ডল পরিবারে।নবদ্বীপ ব্লকের ফরেস্ট ডাঙ্গা এলাকার বাসিন্দা কার্ত্তিক মন্ডল,পিতা দিলীপ মন্ডল। কার্তিক বাবু কর্মসূত্রে সুরাটে থাকেন।আর সেখানে থাকতেই চার বছর আগে সমাজ মাধ্যমে পরিচয় হয় সুদুর ব্রাজিলের বাসিন্দা মানুয়েলা আলভেস দা সিলভা'র সাথে। পরিচয় ধীরে ধীরে ভালোবাসার রূপ নেয় ও পরবর্তী সময়ে দুজনেই বিয়ের জন্য রাজী হয়। কার্তিক মন্ডল জানান, এর পর প্রেমিকা এখানে আসে ও আমাদের বাড়িতেই বিয়ের আয়োজন করা হয়। গত শুক্রবার বিয়ে হয় তাদের। আর সবটাই হয় সনাতনী তথা বাঙালি মতেই।



এলাকার ছেলের বউ হচ্ছে বিদেশীনি, সে কারনে প্রতিবেশীদেরও উৎসাহ ও কৌতুহল যথেষ্ট। কিন্তু পাত্রী তো ব্রাজিলের, সে ক্ষেত্রে ভাষার তারতম্য আছে, কথোপকথন চলছে কিভাবে ? প্রশ্নের উত্তরে মন্ডল পরিবারের সদস্যরা জানান, বর্তমানের আধুনিকপ্রযুক্তিকে কাজে লাগিয়েই চলছে কথাবার্তা। সবটাই চলছে মোবাইলের প্রযুক্তিকে কাজে লাগিয়ে। পাত্রীও তার ভাষায় আমাদের জানায় তার দেশে তার পরিবার এই বিয়েতে রাজি, আর সেও রাজিপ্পাশাপাশি নবদ্বীপের মন্ডল পরিবারে এসেও তার ভালো লেগেছে তার। পাশাপাশি সে আরও জানায়, সে শাড়ি পরতে ভালোবাসে। মন্ডল পরিবার জানায়, তাদের বৌমা এখানে এসে বাঙ্গালি খাবার খাচ্ছে, তবে ঝাল ছাড়া,বাকি সব ঠিক ঠাক আছে। ভারত থেকে বহু মানুষ বিদেশে যায় বিভিন্ন কারনে,আর এবার সূদূর ব্রাজিল থেকে নবদ্বীপে বিয়ে করতে হাজির পাত্রী নিজে, সে কারনে নবদ্বীপের মন্ডল পরিবার যেমন একাধারে আনন্দিত পাশাপাশি স্থানীয়দেরও কৌতুহল যথেষ্ট।

KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# কাটোয়ার ক্ষিতি ভবনে কবিশেখরের কবি সম্মেলন



নিজস্ব সংবাদদাতা - পূর্ব বর্ধমান জেলার কাটোয়ার কবিশেখর পত্রিকার কবি সম্মেলন অনুষ্ঠিত হল ২২ জুন শনিবার কাটোয়ার ক্ষিতি ভবনে। সারাদিন ব্যাপী এই মহতী সাহিত্য সভায় ষান্মাসিক কবিশেখর পত্রিকার নবম বর্ষের প্রথম সংখ্যা প্রকাশিত হয়। একই সঙ্গে সম্মাননা প্রদান ও উপস্থিত কবি বর্গের কবিতা পাঠ অনুষ্ঠিত হয়। কবিশেখর কালিদাস রায়ের প্রতিকৃতিতে মাল্যদানের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন শ্যামল জানা।উদ্বোধক শ্যামল জানা, গোবিন্দরাম মান্না,পত্রিকার সম্পাদক গুরুপ্রসাদ যশ, পল্লব চট্টোপাধ্যায়, শ্যামাপ্রসাদ চৌধুরী,তপন বৈরাগ্য এবং অনুষ্ঠান সঞ্চালক কবি প্রনবেশ সরকার প্রমুখ ব্যক্তি বর্গের হাত ধরে পত্রিকার মোড়ক উন্মোচন ঘটে। সুচারু এই কবি সম্মেলন মহতী হয়ে ওঠে প্রায় সত্তর জন কবির সুললিত কবিতা পাঠে। কবি অরবিন্দ সরকার(বর্ধমান), কবি সৌমিত বসু(কাকদ্বীপ) এবং কবি গৌতম হাজরা (কলকাতা)এই তিন গুণী কবি ব্যক্তিত্বকে এই বছর বিশেষ সম্মাননা প্রদান করা হয়। মহতী এই কবি সম্মেলনে রাজ কুমার রায়চৌধুরী,জমর সাহানি, মৈত্রেয়ী ব্যানার্জী,ড. চন্দ্রাবলী মুখোপাধ্যায়, হরিৎ বন্দ্যোপাধ্যায়, দীপঙ্কর চক্রবর্তী, তাপস বন্দ্যোপাধ্যায়, নিমাই দেবনাথ, ভগ বাহাদুর সিং, নূর মহম্মদ, সেখ জাহাঙ্গীর, সুফি রফিক উল ইসলাম, মলয় হালদার, মৃণাল মোদক, রমা দেবনাথ,টুলটুল গাঙ্গুলী, শ্রাবণী সোম যশ, অলক দত্ত, প্রবীর দেবনাথ, বিকাশ দাস, জহর প্রধান, তপন দাস, বিমান রায়, সৌম্য প্রসাদ যশ প্রমুখ আরো অনেকে উপরিউক্ত ব্যক্তিবর্গের সঙ্গে এই মহতী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

# পলাশীতে মহাসমারোহে অনুষ্ঠিত হল রবীন্দ্র নজরুল জন্মোৎসব



নিজস্ব প্রতিবেদন - হুগলির ধনেখালি ব্লকের গুড়াপ থানার অন্তর্গত পলাশী প্রভাত সংঘের অ্যাথলেটিকস কোচিং সেন্টারের উদ্যোগে পলাশী হেমাঙ্গিনী নিম্ন বুনিয়াদি বিদ্যালয় প্রাঙ্গণে রবিবার বিকেলে অনুষ্ঠিত হল রবীন্দ্র-নজরুল জন্মোৎসব। উপস্থিত ছিলেন খবর আজ কাল পরশু পত্রিকার সম্পাদক আদিত্য নারায়ণ চৌধুরী,খবর সোজাসুজি পত্রিকার সম্পাদক ইসরাইল মল্লিক, বিশিষ্ট সমাজসেবী মহম্মদ ইদ্রিস,অভয় পদ ঘোষ,আশিষ কুমার পাত্র, মহম্মদ ইলিয়াস সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে স্থানীয়দের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

# আমার পাঠশালা'র উদ্যোগে বর্ধমানে পালিত হল আন্তর্জাতিক যোগ দিবস ও পুষ্টির দিশা কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা - স্বেচ্ছাসেবী সংস্থা "আমার পাঠশালার" উদ্যোগে বর্ধমানের নবাবহাট সংলগ্ন তালপুকুরে পাঠশালার ৫০ জন ছাত্র-ছাত্রীকে নিয়ে পালিত হল আন্তর্জাতিক যোগ দিবস ও পুষ্টির দিশা কর্মসূচি। অনুষ্ঠানে পাঠশালার ছাত্র-ছাত্রীদের বিভিন্ন যোগাসন অভ্যাস করানোর পাশাপাশি সংস্থার পক্ষ থেকে যোগাসনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয় এবং সেইসঙ্গে ছাত্র-ছাত্রীদের মধ্যে আম, কলা,খেজুর, জাম, লাড্ডু ইত্যাদি পুষ্টিকর খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষক ও সমাজসেবী কামরুজ্জামান চৌধুরী,বিশিষ্ট কবি ও সঞ্চালক সেখ জাহাঙ্গীর, আমার পাঠশালা'র সম্পাদক সন্দীপ পাঠক, সহ সভাপতি মোশারফ হোসেন, সহ সম্পাদক তপন পাল ও অতনু ঘোষ।

# স্কুলের মধ্যে মারামারি ! সহ শিক্ষকের মারে আঙ্গুল ভাঙলো প্রধান শিক্ষকের !



নিজস্ব সংবাদদাতা - স্কুলের প্রধান শিক্ষককে মারধর করার অভিযোগ উঠল স্কুলের এক সহ শিক্ষকের বিরুদ্ধে।এই ঘটনায় প্রধান শিক্ষক আঙুলে চোট পেয়েছেন।শনিবার আসানসোলের রানীগঞ্জ হাইস্কুলের ঘটনা। এই ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়েছে।আক্রান্ত প্রধান শিক্ষক প্রতীম চট্টোপাধ্যায় বলেন,এদিনের এই স্কুলের এক শিক্ষিকা পাপিয়া মন্ডল ক্লাস নিতে যায়নি সেই নিয়ে ঘটনার সূত্রপাত।এই নিয়ে শিক্ষিকা পাপিয়া মন্ডলের স্বামী তথা ওই স্কুলের শিক্ষক বিজয় দাসের সঙ্গে বচসা শুরু হয়।অভিযোগ,এরপর বিজয় দাস তার আঙুল মচকে দেয়।এই ঘটনার পর স্কুল চত্বরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। যদিও এই মারধরের অভিযোগ অস্বীকার করেছেন শিক্ষক বিজয় দাস।অন্যদিকে শিক্ষিকা পাপিয়া মন্ডল বলেন, এদিন প্রধান শিক্ষক নিজের মতো ক্লাস ঠিক করেছেন। তা তিনি জানতেন না।এই ঘটনার পর দুপক্ষই রানীগঞ্জ থানার দ্বারস্থ হয়েছেন বলে জানা গেছে।

# কম্পিউটার ও মোবাইল গেমই প্রাণ কেড়ে নিল নবম শ্রেণীর ছাত্রের !

নিজস্ব সংবাদদাতা - বারুইপুরে কম্পিউটার ও মোবাইল গেমই প্রাণ কেড়ে নিল এক নবম শ্রেণীর ছাত্রের।মৃতের নাম সাগ্নিক নস্কর (১৪)। ঘরের দরজা ভেঙে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হল তার দেহ। ঘটনাটি ঘটে বারুইপুরের দত্ত পাড়ায় ৫ নম্বর ওয়ার্ডে। সাগ্নিকের বাবা বিদ্যুৎ নস্কর বারুইপুর আদালতের আইনজীবী। মা মামনি নস্কর স্কুল শিক্ষিকা। বিদ্যুৎ বাবু বলেন, "ছেলে সব সময় মোবাইল ও কম্পিউটারে পাবজি ও ভুতের গেমে আসক্ত থাকতো।মোবাইল কেড়েও নিয়েছিলাম। তারপরেও খেলা দেখা বন্ধ করতে পারিনি। সোমবার বাজারে গিয়েছিলাম, তারপর বাড়ি ফিরে দেখি দোতলার ঘর বন্ধ। ডাকাডাকি করেও না পাওয়ায় দরজা ভেঙে ছেলের ঝুলন্ত দেহ দেখি। এই ভাবে ছেলে আত্মহত্যা করবে ভাবিনি।"

# জামাই ফেরি ! খন্ডঘোষে বুড়ো শিবের গাজনে পাঁচশো, হাজার,পাঁচ হাজার টাকায় ভ্যানে করে বিক্রি হচ্ছে জামাই !

নিজস্ব সংবাদদাতা - জামাই ফেরি ! গ্রামাঞ্চল বা শহরে বিভিন্ন সামগ্রী ফেরি করা হয়। কেউ মাথায় করে,কেউ আবার ভ্যানে করে,আবার কেউ টোটো করে কাহিনী ।

এবার বুড়ো শিবের গাজনে জামাই ফেরি নিয়ে বেশ হৈচৈ পড়ে যায়।জামাই ফেরি বলে কথা।



ফেরি করে। কিন্তু তাই বলে জামাই ফেরি,তাও আবার ভ্যানে চাপিয়ে ! নিশ্চয় অবাক লাগছে ! অবাক হওয়ারই কথা।তবে ঘটনা সত্যি।

রীতিমতো মাইকিং করে ভ্যানে করে ঘুরে ঘুরে জামাই ফেরি করা হচ্ছে।বিভিন্ন জামাইয়ের বিভিন্ন দাম। যার যেমন সামর্থ্য সে তেমন জামাই নিতে পারে।পাজামা পাঞ্জাবি পরে মাথায় টোপর মাথায় দিয়ে বাবাজীবনরা বসে আছে ভ্যানে।আর ফেরিওয়ালা খদ্দেরকে মাইকিং করে ডাকছে।আর গ্রামের বাসিন্দারাও দরদাম করে জামাই কিনছেন।

পূর্ব বর্ধমানের খণ্ডঘোষের বোসপাড়া সংলগ্ন এলাকায় বুড়ো শিবের গাজনকে ঘিরে প্রতিবছরই এইসব রঙ্গ তামাসা হয়।তিন দিনের গাজনকে ঘিরে গোটা গ্রামে চরম উন্মাদনাও থাকে। গাজনের অন্যতম পুরোহিত রাজেশ ভট্টাচার্য জানান,খণ্ডঘোষের রায়পাড়া,ভট্টাচার্য পাড়া ও বোসপাড়া মোট তিনটি পাড়া মিলিয়ে বুড়ো শিবের গাজন হয়।পুরোহিত উমাপদ ভট্টাচার্য জানান, দীর্ঘদিনের পুরানো রীতি মেনেই গাজন হয়ে আসছে।গাজনে এলাকার ১০০ থেকে ১৫০ জন সন্ন্যাস গ্রহণের পর বুড়ো শিবের পুজোপাটে অংশ নেয়।আর বুড়ো শিবের গাজনকে ঘিরে সন্ন্যাসরা বিভিন্ন সং সাজার মাধ্যমে বিভিন্ন চরিত্র ও কাহিনী তুলে ধরেন।সেখানে যেমন থাকে বর্তমান বিষয় তেমনি প্রাধান্য পায় পৌরাণিক একেবারে হাতে গরম বর।কেউ কেউ একটু ঠাট্টা করে বলেন, দুয়ারে বর।তা যে যাই বলুন, তাতে কি আসে যায়। ফেরি করা হয় ৫০০ থেকে ৫০০০ মূল্যের জামাই বা বর। তবে ৫০০ টাকার জামাইয়ের কোনো গ্যারান্টি নেই বলে জানান হয় ফেরিওয়ালাদের পক্ষ থেকে।আর গ্রামবাসীরাও বেশ মজা করে দরদাম করছে সেটাও দেখা গেল।এ এক অভিনব ঘটনা। এমন ফেরি কিন্তু আগে আর কোথাও কখনো দেখা যায় নি।শোভাযাত্রা করে ফেরিওয়ালা গ্রাম ঘুরে শিব মন্দিরে পৌঁছায়।পুরোহিত উমাপদ ভট্টাচার্য বলেন, দূর দূরান্ত থেকে বহু মানুষজন বুড়ো শিবের গাজনে ভিড় করেন।দীর্ঘদিনের পুরানো এই রীতি মেনেই বুড়ো শিবের গাজন হয়ে আসছে। তিনি আরও বলেন,প্রায় চারশো বছরের পুরনো বুড়ো শিবের গাজন।নির্বাচনের জন্য এবার গাজনে তারিখ একটু পিছিয়ে দিতে হয়েছে। খণ্ডঘোষ ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা জেলা পরিষদের অধ্যক্ষ অপার্থিব ইসলাম বলেন, এই বুড়ো শিবের গাজন মানে গোটা এলাকার মানুষজন আসবে, উৎসবে মাতবে এটাই দীর্ঘদিন ধরে হয়ে আসছে।তবে বর ফেরি নিয়ে তিনি বলেন, মানুষ উৎসবে আনন্দ পায়,মজাও লাগে।বর ফেরি অন্যতম আকর্ষণ।তাই সবাই তাড়িয়ে তাড়িয়ে গাজন উপভোগ করেন।



ধনেখালিতে তৃণমূলের বিজয় উৎসবে হুগলির নবনির্বাচিত সাংসদ রচনা ব্যানার্জি।

## নাম পরিবর্তন

I, Bapan Mudi , S/O - Ganesh Mudi , residing at Vill - Hodla,P.O - Makalpur,P.S - Dadpur,Dist - Hooghly, Pin- 712305 declared that Bapan Mudi and Sanjoy Mudi are same and one identical person vide affidavit No.50 dated 06/02/2024 Executive Magistrate 1 st court at Sadar, Hooghly.

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# চলন্ত ট্রেনে উঠতে গিয়ে ট্রেনের তলায় পড়ে গুরুতর জখম এক যুবক !

নিজস্ব সংবাদদাতা - শুক্রবার সাত সকালেই ভয়াবহ দুর্ঘটনা শেওড়াফুলি স্টেশনে।চলন্ত ট্রেনে উঠতে গিয়েই ঘটলো বিপত্তি।অফিস টাইমে ট্রেনে তো এমনিতেই বাদুড়ঝোলা ভিড়।দৌড়ে এসে ট্রেন ধরতে গিয়ে পা পিছলে ট্রেনের তলায় পড়ে গেল এক যুবক,বয়স আনুমানিক ৩২। ব্যান্ডেল লেডিস স্পেশাল ট্রেনের তলায় পড়ে গিয়ে ঘটে দুর্ঘটনাটি। মাথার আঘাত গুরুতর।ডান পায়ের গোড়ালি কাটা গেছে বলে জানা গেছে।জিআরপি'র তৎপরতায়



তড়িঘড়ি নিয়ে যাওয়া হয় শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে। শুক্রবার সকাল দশটা নাগাদ দুর্ঘটনাটি ঘটে। জানা গেছে, আহত যুবকের নাম বিশ্বদেব গিরি, সিঙ্গুরের ছ'আনি এলাকার বাসিন্দা।

# ফেলে দেওয়া ব্লেডের টুকরো দিয়ে নারী শক্তি এঁকে ইন্ডিয়া বুক অফ রেকর্ডসে নাম তুললো কাকদ্বীপের যুবক সায়ন মিদ্যা

নিজস্ব সংবাদদাতা - ব্যবহারের পর আবর্জনার স্তুপে ফেলে দেওয়া ব্লেডের টুকরো দিয়ে তৈরী শিল্পকলা এবার ইন্ডিয়া বুক অফ রেকর্ডসে জায়গা পেলো। বিষয় নারীশক্তি।বছর পঁচিশের সায়ন মিদ্যা। কাকদ্বীপের গণেশ নগর এলাকার বাসিন্দা।ছোট থেকে ছবি আঁকতে ভালবাসে সায়ন।পড়ে থাকা কাগজ পেলেই রং পেন্সিল নিয়ে আঁকিবুকি কাটত।কাদামাটি দিয়ে বানাতো মাটির পুতুল, এবং প্রতিমা।অন্যদিকে বরাবরই ফেলে দেওয়া জিনিসপত্র দিয়ে



কিছু না কিছু বানিয়ে ফেলে সায়ন। এবারে সায়নের সৃষ্টি, ফেলে দেওয়া ব্লেডের টুকরো দিয়ে নারী শক্তি আঁকা।এটা আঁকতে মোট ৭০ টা ব্লেড ব্যবহার করা হয়েছে।কোন রকম বিরতি ছাড়া টানা পাঁচ ঘন্টায় এটা বানিয়েছে সায়ন। এর আগে বহুবার রং তুলির সাহায্যে নারী শক্তি এঁকেছে সায়ন। তবে এই প্রথম ব্লেড দিয়ে আঁকা।অভাবের সংসারে পিসির আর্থিক সহযোগিতায় আঁকা শিখেছে সায়ন।সায়ন ছোট থেকে পিসির কাছেই মানুষ। বর্তমানে আঁকা শেখায় সায়ন। এলাকার দুস্থ কচিকাঁচাদের বিনামূল্যে আঁকা শেখায় সায়ন।সায়ন চায় তার আঁকা ছবিন দেশ-বিদেশে ছড়িয়ে পড়ুক।

নিজের এই সাফল্যের পেছনে মা বাসন্তী মিদ্যা এবং পিসিমণি লক্ষ্মী পালের অবদান সব থেকে বেশি বলে জানিয়েছে সায়ন।

# প্রেমে ধোঁকা ! প্লাস্টিকের গার্লফ্রেন্ডকে বাইকের পিছনে বসিয়েই দিনভর ঘুরে বেড়ালো যুবক !

নিজস্ব সংবাদদাতা - মাজায় দড়ি বেঁধে গার্লফ্রেন্ডকে সারাদিন ঘোরালো বয়ফ্রেন্ড ! কি ভাবছেন ? গার্লফ্রেন্ডের সাথে সাড়ে তিন বছরের সম্পর্ক।সে ধোঁকা দিয়ে চলে গেছে।তারপর সিঙ্গেল থাকতে থাকতে বোরিং। ব্যাস,নিজেই বানিয়ে নিলেন গার্লফ্রেন্ড।এমন গার্লফ্রেন্ড বানিয়েছেন যে কোনোদিন ধোকা দেবে না।হ্যাঁ, অবাক করা ব্যপার হলেও বাস্তবে সত্যিই। তার নাম দেওয়া হয়েছে পিঙ্কি। এবার আপনারা হয়তো ভাববেন এ আবার হয় নাকি? এই অসাধ্য সাধন করল মুর্শিদাবাদের সাগরপাড়ার জয়পুরের যুবক।ঈদের দিন বাইকের পিছনে চাপিয়ে সারাদিন ঘুরলো তার গার্লফ্রেন্ডের সাথে।সোমবার ছিল ঈদ উল আযাহার দিন। সারাদিন ব্যস্ত থাকার



পর বিকেলের দিকে ঘুরতে বের হয় অনেকে।এই ঈদের দিনে অল্প বয়সী যুবক যুবতীরা আনন্দে ঘুরছে কেউ গার্লফ্রেন্ড নিয়ে কেউ সিঙ্গেল। কেউবা ধোঁকা খেয়ে বাড়িতে বসে আছে।এবার প্লাষ্টিকের গার্লফ্রেন্ডের সাথেই চলে ঘুরে বেড়ানো।একটাই আশা কিছু হোক বা না হোক ধোঁকা তো দেবে না। জানাগেছে, এই গার্লফ্রেন্ডের সঙ্গে সে ছমাস ধরে রিলেশন চালিয়ে যাচ্ছে।এ আবার কেমন রিলেশন ? যুবকের এহেন কান্ডে প্রশ্ন তুলেছেন নেটিজেনরা।তবে যে যাই-ই বলুক কারোর কথায় তোয়াক্কা না করেই আর পাঁচজনের মতো দিনভর ঘুরল সে।আর এই গার্লফ্রেন্ড দেখতে রাস্তায় রীতিমতো ভিড় জমলো বহু জাইগায়।

(প্রথম পাতার পর)

## এক নজরে

সিঙ্গুর গোবিন্দপুর সমবায় সমিতিতে জয়লাভ করল তৃণমূল।

● পরীক্ষা না দিয়েও চাকরি ! ফর্ম পূরণ না করেই খাদ্য দফতরের ইন্সপেক্টর পদের জন্য পিএসসির ওয়েবসাইটে সফলদের তালিকায় নাম ! পুলিশের দ্বারস্থ মালদহের চাঁচলের এক যুবক।

● স্কুলের মধ্যে পিস্তল নিয়ে ঘোরাঘুরি করছে দশম শ্রেণীর এক ছাত্র ! ভাবুন, সমাজ কোন্ দিকে যাচ্ছে।মুর্শিদাবাদের রেজিনগরের আন্দুলবেড়িয়া হাইস্কুলের ঘটনা।

● স্কুলের মধ্যে প্রধান শিক্ষকের সঙ্গে সহ শিক্ষকের মারামারি ! প্রধান শিক্ষকের আঙুল ভেঙে দেওয়ার অভিযোগ সহ শিক্ষকের বিরুদ্ধে।আবার মদ খেয়ে স্কুলে আসার অভিযোগ আরও এক শিক্ষকের বিরুদ্ধে।একে অপরের ঘাড়ে দোষ চাপাতে ব্যস্ত।চাপান উতোর চলছে।আসানসোলের রানীগঞ্জ হাইস্কুলের ঘটনা।ভাবতেও অবাক লাগে এরা কিনা মানুষ গড়ার কারিগর ! ছাত্র ছাত্রীরা এনাদের কাছ থেকে শিখবে টা কি ? এই প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে সাধারণ মানুষের মধ্যে।

● "অবৈধ দখলদারি কোনভাবেই বরদাস্ত করব না, প্রয়োজনে চেয়ার ছেড়ে দেব", প্রথম দিন চেয়ারে বসেই ঘোষনা করলেন এডিডিএ'র নতুন চেয়ারম্যান কবি দত্ত।

● পরীক্ষা নেওয়ার চব্বিশ ঘণ্টার মধ্যেই বাতিল পরীক্ষা ! অস্বচ্ছতার কারণে বাতিল ইউজিসি-নেট ! স্বচ্ছ ভারতে এত অস্বচ্ছতা কেন ? হচ্ছে টা কি ?

● বাংলার দুর্নীতি নিয়ে সরব কিন্তু সর্বভারতীয় ডাক্তারি পরীক্ষা নিট নিয়ে এত নীরবতা কেন,রহস্যটা কি ? সব পাখি মাছ খায়,দোষ হয় মাছরাঙার !

● বামেদের সঙ্গে কংগ্রেসের কোথাও বন্ধুত্ব পূর্ণ লড়াই,কোথাও আসন সমঝোতা,কোথাও আবার মুখোমুখি টক্কর ! এ কি রকমের জগাখিচুড়ী জোট ! মানুষ বিভ্রান্ত।

● উত্তরবঙ্গে ট্রেন দুর্ঘটনায় মারা গেলেন পূর্ব বর্ধমানের আউসগ্রামের বুল্টি বেগম, বয়স ৪১ বছর। এলাকায় শোকের ছায়া।

● "বিভাজন নয়,উন্নয়নের সাথেই ধনেখালির মানুষ আছে", ধনেখালি বাসস্ট্যান্ডে আয়োজিত তৃণমূলের বিজয় উৎসবের মঞ্চ থেকে ঘোষণা করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।

● উত্তরপাড়ার হিন্দ মোটরের কাছে নাকা চেকিংয়ের সময় সিসিটিভি ক্যামেরা চুরির অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। ধৃতদের কাছ থেকে চারটি সিসিটিভি ক্যামেরা এবং একটি বাইক বাজেয়াপ্ত করেছে পুলিশ।

● তৃণমূল পরিচালিত পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানের বিরুদ্ধে বিক্ষোভ তৃণমূলেরই পঞ্চায়েত সদস্যদের ! অভিযোগ,কারও সঙ্গে যোগাযোগ না রেখে কোনও আলোচনা না করে সিদ্ধান্ত নেন প্রধান, উপপ্রধান।ঘটনাকে কেন্দ্র করে প্রবল অস্বস্তিতে শাসকদল।হুগলির পোলবার রাজহাট গ্রাম পঞ্চায়েতের ঘটনা।

● জিও'র পর রিচার্জের খরচ বাড়ছে এয়ারটেলেরও ! পাবলিককে লুটতে জোটবদ্ধ সবাই।সব সিম কোম্পানি রিচার্জের দাম বাড়াতে ব্যস্ত।এটাই কি তাহলে আচ্ছে দিনের নমুনা !

● বিশ্ব মাদক বিরোধী দিবস উপলক্ষ্যে হুগলি গ্রামীণ পুলিশের ধনিয়াখালিগ্ধ থানার উদ্যোগে ধনিয়াখালি শরৎ সেন্টিনারীগ্ধ কলেজে অনুষ্ঠিত হল সচেতনতা শিবির ।




গোপন সূত্রে খবর পেয়ে হুগলি গ্রামীণ এবং চন্দননগর পুলিশ কমিশনারেট এলাকায় যৌথ অভিযান চালিয়ে চারজনকে গ্রেপ্তার করল চন্দননগর পুলিশ কমিশনারেটের ডানকুনি এবং শ্রীরামপুর থানার পুলিশ।তাদের কাছ থেকে ৬ টি চুরি যাওয়া বাইক উদ্ধার করেছে পুলিশ।

FARHAD HOSSAIN
Channel Partner
শেয়ার ও মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের জন্য যোগাযোগ করুন। 7718563194
KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308
farhad05ster@gmail.com
AngelOne

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com